

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭৩

সোনামুড়া, ২৮ জুন, ২০২৪

নলছড়ে বর্জ্য সামগ্রী প্রক্রিয়াকরণের উপর সচেতনতামূলক শিবির

নলছড় ব্লকে বর্জ্য সামগ্রী প্রক্রিয়াকরণের উপর গতকাল এক সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। নলছড় ব্লকের চন্দনমুড়ায় কৃষ্ণকুমার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ইকো ক্লাবের উদ্যোগে ও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সহযোগিতায় এই সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। মেলাঘর টাউনহলে এই শিবিরে উদ্বোধন করেন বিধায়ক কিশোর বর্মণ। শিবিরের উদ্বোধন করে বিধায়ক বলেন, পরিবেশ রক্ষায় বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়কে সামনে রেখে সরকার বর্জ্য পদার্থ প্রক্রিয়াকরণের উপর গুরুত্ব দিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জওহরলাল ঘোষ, সিপাহীজলা জেলার জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের আধিকারিক অপরাজিতা দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের শিক্ষিকা পুতুল রাণী দাস। সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোপাল দাস। শিবিরে বর্জ্য সামগ্রীকে কীভাবে ব্যবহার করে তোলা যায় তা নিয়ে বিভিন্ন মডেল প্রদর্শিত হয়।
